# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

## ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন ইউনিট/উপ-ইউনিটে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির জন্য নির্ধারিত শর্ত পূরণ সাপেক্ষে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের কাছ থেকে আবেদন আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছুদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভর্তির ওয়েবসাইট:**(http://admission.cu.ac.bd)** এর মাধ্যমে ওয়েবসাইটে প্রচারিত ভর্তি নির্দেশিকায় উল্লিখিত অনলাইনে আবেদন প্রক্রিয়া অনুসরণ করে আবেদন করতে হবে। ইউনিট/উপ-ইউনিট প্রতি আবেদন ফি ৪৭৫/-(চারশত পঁচাত্তর) টাকা মাত্র (প্রসেসিং ফি প্রযোজ্য)। নির্ধারিত আবেদন ফি 'বিকাশ/রকেট' মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দেয়া যাবে।

**ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের আবেদন ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ সকাল ১১:০০ টা থেকে ০৬ অক্টোবর ২০১৮ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত অনলাইনে করা যাবে।** ০৭ অক্টোবর ২০১৮ তারিখ রাত ১১:৫৯ টা পর্যন্ত ইউনিট/উপ-ইউনিট প্রতি নির্ধারিত আবেদন ফি জমা দেয়া যাবে।

আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটে একশত নম্বরের MCQ পদ্ধতিতে ভর্তি পরীক্ষায় এবং ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষায় মোট প্রাপ্ত নম্বর থেকে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কর্তন করা হবে। **B, D, A ও C ইউনিটের ভর্তি পরীক্ষা যথাক্রমে আগামী ২৭, ২৮, ২৯ ও ৩০ অক্টোবর ২০১৮ তারিখ এবং B1 ও D1 উপ-ইউনিটের ভর্তি পরীক্ষা আগামী ৩১ অক্টোবর ২০১৮ তারিখ যথাক্রমে সকাল ১০:০০ টায় ও দুপুর ২:৩০ টায় অনুষ্ঠিত হবে।**

**ভর্তির যোগ্যতাঃ** যে সকল ছাত্র-ছাত্রী বাংলাদেশের যে কোন শিক্ষা বোর্ডের অধীনে ২০১৫ বা ২০১৬ সালের মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে এবং যাদের নিম্নেবর্ণিত যোগ্যতা ও ভর্তি নির্দেশিকায় উল্লিখিত সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/ইনস্টিটিউটে ভর্তির যোগ্যতা আছে তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। উল্লেখ্য যে, ২০১৮ সালের উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষায় (মান উন্নয়ন) অংশগ্রহণকৃত পরীক্ষার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফলে মান উন্নয়ন হলে তারা আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

| ইউনিট | ন্যূনতম যোগ্যতা |
|---|---|
| **A ইউনিট**<br>বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট, জীববিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ, ইঞ্জিনিয়ারিং অনুষদভুক্ত সকল বিভাগ এবং মেরিন সায়েন্স অ্যান্ড ফিশারিজ অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট | মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.২৫ |
| **B ইউনিট**<br>কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত সকল বিভাগ/ইনস্টিটিউট (নাট্যকলা বিভাগ, চারুকলা ইনস্টিটিউট ও সংগীত বিভাগ ব্যতিত)<br>**B1 উপ-ইউনিট**<br>কলা ও মানববিদ্যা অনুষদভুক্ত নাট্যকলা বিভাগ, চারুকলা ইনস্টিটিউট ও সংগীত বিভাগ | মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০; **অথবা** মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০; **অথবা** মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ব্যবসায় শিক্ষা/সমমান শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ |
| **C ইউনিট**<br>ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ | মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং ব্যবসায় শিক্ষা শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ **অথবা** মাধ্যমিক বা সমমান পরীক্ষা এবং হিসাব বিজ্ঞানসহ ডিপ্লোমা-ইন-কমার্স/ডিপ্লোমা-ইন-বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা-ইন-বিজনেস ম্যানেজমেন্ট উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ |
| **D ইউনিট**<br>সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ, আইন অনুষদভুক্ত আইন বিভাগ, ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ এবং জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগ | মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং যে কোন শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ পেয়েছে তারা D ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। **তবে নিম্নে উল্লিখিত অনুষদ ভিত্তিক ন্যূনতম যোগ্যতাও প্রযোজ্য হবে।**<br>i) মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা/ব্যবসায় ব্যবস্থাপনা/অর্থনীতি বিষয়সহ গার্হস্থ্য অর্থনীতি শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ পেয়েছে তারা সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। |

০৬/০৯/২০১৮

| | |
|---|---|
| **D ইউনিট**<br>সমাজ বিজ্ঞান অনুষদভুক্ত সকল বিভাগ, আইন অনুষদভুক্ত আইন বিভাগ, ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ এবং জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগ | ii) মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং যে কোন শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.২৫ পেয়েছে তারা আইন অনুষদভুক্ত আইন বিভাগে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।<br>iii) মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং বিজ্ঞান/কৃষি বিজ্ঞান/মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে তারা ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগে (বিজ্ঞান ও মানবিক গ্রুপ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। **অথবা** মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং হিসাব বিজ্ঞান ব্যতিত ডিপ্লোমা ইন কমার্স/ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিজ/ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৭.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫০ পেয়েছে তারা ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগে (বিজ্ঞান ও মানবিক গ্রুপ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে।<br>iv) মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং মানবিক শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.৫০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ পেয়েছে তারা জীববিজ্ঞান অনুষদভুক্ত ভূগোল ও পরিবেশবিদ্যা এবং মনোবিজ্ঞান বিভাগে (মানবিক গ্রুপ) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। |
| **D1 উপ-ইউনিট**<br>শিক্ষা অনুষদভুক্ত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ | মাধ্যমিক বা দাখিল বা সমমান পরীক্ষা এবং যে কোন শাখায় উচ্চ মাধ্যমিক বা আলিম বা সমমান উভয় পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম মোট জিপিএ ৬.০০; তবে উভয় পরীক্ষায় আলাদাভাবে ন্যূনতম জিপিএ ২.৫০ পেয়েছে তারা শিক্ষা অনুষদভুক্ত ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে (D1 উপ-ইউনিট) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। |

**GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং সমমানের বিদেশী সার্টিফিকেটধারীদের ক্ষেত্রে :** যে সকল ছাত্র-ছাত্রী ২০১৫ সালের বা তৎপরবর্তী সালের জিসিই 'ও' লেভেল পরীক্ষায় ন্যূনতম দু'টি বিষয়ে 'বি' গ্রেড এবং তিনটি বিষয়ে 'সি' গ্রেড পেয়েছে এবং ২০১৮ সালের জিসিই 'এ' লেভেল (বিজ্ঞান শাখা) পরীক্ষায় ন্যূনতম একটি বিষয়ে 'বি' গ্রেড ও দু'টি বিষয়ে 'সি' গ্রেড পেয়ে উত্তীর্ণ হয়েছে তারা A, B (B1 উপ-ইউনিটসহ) এবং D ইউনিট (ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত বিভাগ ব্যতিত) ও D1 উপ-ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। একই যোগ্যতা নিয়ে ২০১৮ সালের জিসিই 'এ' লেভেল (বাণিজ্য শাখা) পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে তারা B (B1 উপ-ইউনিটসহ) এবং D (D1 উপ-ইউনিটসহ) ইউনিটের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত হবে। তবে C ইউনিট এবং D ইউনিটের অন্তর্গত ব্যবসায় প্রশাসন অনুষদভুক্ত সকল বিভাগ (বিজ্ঞান ও মানবিক গ্রুপ) এর ক্ষেত্রে ২০১৫ সালের বা তৎপরবর্তী সালের জিসিই 'ও' লেভেল পরীক্ষায় ন্যূনতম দু'টি বিষয়ে 'বি' গ্রেড এবং তিনটি বিষয়ে 'সি' গ্রেড এবং ২০১৮ সালের জিসিই 'এ' লেভেল (বাণিজ্য/বিজ্ঞান শাখা) পরীক্ষায় ন্যূনতম দু'টি বিষয়ে 'বি' গ্রেড ও একটি বিষয়ে 'সি' গ্রেড পেয়ে উত্তীর্ণ হতে হবে।

এ ক্ষেত্রে GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ অথবা সমমানের বিদেশী সার্টিফিকেটধারীকে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত যথাযথ নিয়ম অনুসরণ করে Equivalent ID সংগ্রহপূর্বক আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

**এছাড়াও প্রার্থী যে বিভাগ/ইনস্টিটিউটে ভর্তি হতে ইচ্ছুক তাকে ভর্তি নির্দেশিকায় প্রতি ইউনিট/উপ-ইউনিটের ৩ নং ক্রমিকে উল্লিখিত ঐ বিভাগ/ইনস্টিটিউটের জন্য নির্ধারিত যোগ্যতা ও শর্ত পূরণ করতে হবে।**

ভর্তি পরীক্ষার সময়সূচি, ভর্তি যোগ্যতার বিস্তারিত তথ্যাদি, GCE (O Level & A Level) ও সমমান পরীক্ষায় উত্তীর্ণ এবং বিদেশী সার্টিফিকেটধারীদের ক্ষেত্রে করণীয়, কোটায় ভর্তির যোগ্যতা, মেধাস্কোর ও মেধাক্রম, সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিট ভর্তি পরীক্ষার মানবন্টন, সাধারণ আসন সংখ্যা, অনলাইনে আবেদন প্রক্রিয়া, ইউনিট কার্যালয়/হেল্প ডেস্ক/হটলাইন এর নির্দিষ্ট ফোন নম্বর এবং ভর্তি পরীক্ষা ও ভর্তির নিয়মাবলীসহ সংশ্লিষ্ট বিষয়ে যাবতীয় বিস্তারিত তথ্যাবলী চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ভর্তির ওয়েবসাইটে **(http://admission.cu.ac.bd)** প্রচারিত ভর্তি বিজ্ঞপ্তি ও ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে। ওয়েবসাইটে প্রচারিত ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই এমন কোন তথ্য জানতে হলে ভর্তি নির্দেশিকায় উল্লিখিত সংশ্লিষ্ট **ইউনিট কার্যালয়/হেল্প ডেস্ক/হটলাইন এর নির্দিষ্ট ফোন নম্বরে** যোগাযোগ করতে হবে।

সকল ইউনিটের ভর্তি প্রার্থীরা পরীক্ষা কেন্দ্রে FX-100 বা এর নিচে সাধারণ মানের (মেমোরী অপশন ব্যতিত) ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। পরীক্ষার হলে প্রার্থীর মোবাইল ফোন, Calculator with Memory Option, Electronic Device সম্বলিত ঘড়ি ও কলম বা যে কোন ধরনের Device সঙ্গে রাখা/ব্যবহার সম্পূর্ণভাবে নিষিদ্ধ।

আবেদনকারী পরীক্ষার্থীরা ১৫ অক্টোবর ২০১৮ তারিখ থেকে ভর্তি পরীক্ষা শুরু হওয়ার ১ (এক) ঘন্টা পূর্ব পর্যন্ত সংশ্লিষ্ট ইউনিট/উপ-ইউনিটের প্রবেশপত্র ডাউনলোড ও সংগ্রহ করতে পারবে। ১৩ সেপ্টেম্বর ২০১৮ তারিখ থেকে ১১ অক্টোবর ২০১৮ তারিখ পর্যন্ত আবেদনপত্র সংশোধন (প্রযোজ্য ক্ষেত্রে) করা যাবে। আবেদনপত্রের যে কোন প্রকার সংশোধনী বা ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন ডকুমেন্টের ডুপ্লিকেট কপি নেয়ার জন্য (প্রযোজ্য ক্ষেত্রে) ৩০০/- (তিনশত) টাকা সার্ভিস চার্জ প্রযোজ্য হবে।

ভর্তি সংক্রান্ত যে কোন নিয়ম-নীতি পরিবর্তন, সংশোধন, সংযোজন ও বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

৬-৯-১৮

(এস. এম. আকবর হোছাইন)
ডেপুটি রেজিস্ট্রার (একাডেমিক)
রেজিস্ট্রার দপ্তর
এবং সচিব, ভর্তি কমিটি
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়

/ছদর/